

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.১০৫

তারিখ: ১ কার্তিক ১৪২৬

১৬ অক্টোবর ২০১৯


বিষয়: বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

- সূত্র: ১. জনাব মুহা: আ: হালিম, সহকারী সুপার, দক্ষিণ দিয়াশুর সৈয়দিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-গৌরনদী, জেলা-বরিশাল এর নিকট হতে প্রাপ্ত আবেদন।
২. মোছা: রুমানা আক্তার কাকুলী, পিতা-মো: কামাল উদ্দীন, সাং- আমঝুপি ০৭ নং ওয়ার্ড যর্দার পাড়া, থানা ও জেলা-মেহেরপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার গৌরনদী উপজেলার দক্ষিণ দিয়াশুর সৈয়দিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার জনাব মুহা: আ: হালিম এবং মেহেরপুর জেলার সদর উপজেলার ৭নং ওয়ার্ড যর্দারপাড়া, আমঝুপি সাং এর মোছা: রুমানা আক্তার কাকুলী এর নিকট হতে প্রাপ্ত ০২(দুই)টি অভিযোগ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ক্র:নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	অভিযোগের বিষয়
ক.	জনাব মুহা: আ: হালিম সহকারী সুপার দক্ষিণ দিয়াশুর সৈয়দিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-গৌরনদী, জেলা-বরিশাল।	দক্ষিণ দিয়াশুর সৈয়দিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-গৌরনদী, জেলা- বরিশাল।	বরিশাল জেলার গৌরনদী উপজেলাধীন দক্ষিণ দিয়াশুর সৈয়দিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে সরকারি পাঠ্যবই বিক্রি অভিযোগ সংক্রান্ত।
খ.	মোছা: রুমানা আক্তার কাকুলী পিতা- মো: কামলা উদ্দিন সাং- আমঝুপি ০৭ নং ওয়ার্ড যর্দারপাড়া, থানা ও জেলা- মেহেরপুর।	সালেহিয়া আলিম মাদ্রাসা, উপজেলা- ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর।	চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার সালেহিয়া আলিম মাদ্রাসার শিক্ষক জনাব মো: ফজলুল করিম (ফয়সাল) এর বিরুদ্ধে ঠার স্ত্রী মোছা: রুমানা আক্তার কাকুলী কর্তৃক স্ত্রী নির্যাতন, শিশু সন্তানকে ভরণ পোষণ না দেয়া, পরকিয়া এবং বিবাহ বিচ্ছেদ সংক্রান্ত অভিযোগ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল
নং-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.১০৫/১(৪)

তারিখ: ১ কার্তিক ১৪২৬
১৬ অক্টোবর ২০১৯


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

✓ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।



১৬-১০-২০১৯

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব